# এখানকার সরকারই আমি, চাঁদাবাজি চলবে না: আমির হামজা



আমির হামজা। ছবি: সংগৃহীত

কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মুফতি আমির হামজা বলেছেন, কুষ্টিয়ায় কোনো ধরনের চাঁদাবাজি করতে দেওয়া হবে না। জেলা প্রশাসক (ডিসি) ও পুলিশ সুপার (এসপি) নিরপেক্ষভাবে দায়িত্ব পালন না করলে তাদের সরিয়ে দেওয়া হবে বলেও হুঁশিয়ারি দিয়েছেন তিনি।

রোববার (১৬ আগস্ট) বিকেলে কুষ্টিয়া শহরের ছয় রাস্তার মোড়ে জামায়াতে ইসলামী আয়োজিত এক প্রতিবাদ সমাবেশে বক্তব্য দেওয়ার সময় তিনি এসব কথা বলেন।

আমির হামজা বলেন, 'এখানকার সরকারই আমি। তাই এখানে কোনো চাঁদাবাজি চলবে না।' ডিসি ও এসপি নিরপেক্ষভাবে কাজ না করলে তাদের বিদায় করে দেওয়া হবে বলেও মন্তব্য করেন তিনি।

এর আগে নিজেকে কুষ্টিয়া-৩ আসনের 'প্রধানমন্ত্রী' বলে মন্তব্য করে আলোচনায় এসেছিলেন আমির হামজা।

শনিবার গণঅধিকার পরিষদের সঙ্গে সংঘর্ষের ঘটনার প্রতিবাদে রোববার কুষ্টিয়া জেলা জামায়াতে ইসলামী লাঠি মিছিল বের করে। বিকেল সোয়া ৫টার দিকে ডিসি কোর্ট চত্বর থেকে মিছিলটি শুরু হয়। এর আগে সেখানে দলটির বেশ কয়েকজন নেতাকর্মীকে লাঠি ও বেসবল ব্যাট হাতে জড়ো হতে দেখা যায়। মিছিলেও অনেকের হাতে এসব লাঠি ও ব্যাট দেখা যায়। পরে মিছিলটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে ছয় রাস্তার মোড়ে গিয়ে প্রতিবাদ সমাবেশে মিলিত হয়।

সমাবেশে কুষ্টিয়া-৪ আসনের সংসদ সদস্য আফজাল হোসেন বলেন, একটি দল অতীতে জামায়াত-শিবিরকে দেশ থেকে বিতাড়িত করার চেষ্টা করেছিল। কিন্তু তারা রান্না করা ভাতও খেয়ে যেতে পারেনি। এখন যারা নতুন করে ফ্যাসিস্ট হওয়ার চেষ্টা করছে, তাদের রান্না করার সুযোগও দেওয়া হবে না বলে মন্তব্য করেন তিনি।

সমাবেশে জামায়াতে ইসলামী কুষ্টিয়া জেলা শাখার সেক্রেটারি এনামুল হকসহ জেলা ও বিভিন্ন উপজেলার নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।